ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২০৬৫
বিলোনীয়া, ১ আগস্ট, ২০২৫

# চলতি অর্থবছরে ভারতচন্দ্র নগর ব্লকে নানা পরিকাঠামোমূলক উন্নয়ন কাজ করা হবে

ভারতচন্দ্র নগর ব্লকের বিভিন্ন স্থানে চলতি অর্থবছরে পঞ্চদশ অর্থ কমিশনের অর্থে নানা পরিকাঠামোমূলক উন্নয়ন কাজ করা হবে। এরমধ্যে পূর্ব কলাবাড়িয়া পঞ্চায়েতে সাই বাবা মন্দিরের কাছে একটি যাত্রী শেড নির্মাণ করা হবে। ব্যয় হবে ২ লক্ষ ৫০ হাজার টাকা। উত্তর ভারতচন্দ্র নগরের তৈছামা বাজারের পাশে একটি যাত্রী শেড তৈরী করা হবে। ব্যয় হবে ২ লক্ষ ৫০ হাজার টাকা। এই পঞ্চায়েতের উত্তর ভারতচন্দ্র নগর এইচ এস স্কুলে একটি সাইকেল স্ট্যান্ড তৈরী করা হবে। ব্যয় হবে ২ লক্ষ টাকা। এছাড়ও লক্ষীপুর পঞ্চায়েতের বড়পাথারী এইচ এস স্কুলে একটি মুক্তমঞ্চ নির্মাণ করা হবে। ব্যয় হবে ২ লক্ষ ৬০ হাজার টাকা। ভারতচন্দ্র নগর ব্লক কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****